

বিবিধ

১৩৬ নং

তাল—একতাল। রাগিনী—মিশ্র মূলতান
 দয়া করে' হে গুরুচাঁদ ! দেখা দেও আজ অভাগারে ।
 আমি সম্বলহীন, দীনের ও দীন,

আমার বলতে কেহ নাই রে ॥

১। আপন আপন বল্লেম যারে, সে ত আপন হ'ল নারে,
 আপন আমি বল্লেম ক'রে ।

তুমি আপন হ'তে আপন আমার,

সে ভাবনা ত ভাব্লেম নারে ॥

২। তোমাকে ভুলেছি আমি, আমারে ভুলেনি তুমি,
 এমন দয়াল নাই সংসারে ।

আমার জন্মাবধি, নিরবধি, রাখলে তোমার দয়ার ঘিরে ॥

৩। দিয়েছিলে যে পরম ধন, কর্লেম না সে ধনের যতন,
 অবহেলে গেলে সরে ।

মিশে ছয়জন চোরা, কর্লে সারা,

কিছু নাই আর এ ভাঙারে ॥

৪। জনম ভ'রে দিলেম ব্যথা, কত দয়ায় সয়েছ তা'
 এমন—দরদী আছে কে'রে ।

আমার সাধনা নাই তবু যে চাই,

সে তোমার ঐ দয়ার জোরে ॥

৫। গেপালচাঁদ কয় মহানন্দ, দেখবি কিসে গুরুচন্দ্র
 চোখ রেখেছে পাপে ঘিরে ।

রাখলে চরিত্র ঠিক, অটল নিরিখ,

তা'তে দয়া কর্তে পারে ॥

—মহানন্দ হালদার